বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
আইন বিভাগ

পি, এ, বি, এক্স- ৯৫৬০০২১-৫
৯৫৬০০৩১-৫
ফোন ঃ ৯৫৫৩০০১

নংপ্রকা/আইন-৭৯৫(অংশ-৫)/২০১৮-১৯/ ৮০৪ তারিখঃ ২৫-০৪-২০১৯খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

*"বিষয়টি অতীব জরুরী"*

**বিষয়ঃ অর্থঋণ আদালত আইন-২০০৩ এর আওতায় অর্থঋণ মামলা দায়ের এবং দায়েরকৃত মামলাসমূহ দ্রুত নিস্পত্তির মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাস করণের লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের ১১-১১-২০১৮ ইং তারিখের সার্কুলার লেটার নং-১/২০১৮ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অর্থ ঋণ আদালতে দায়েরকৃত মামলা সংক্রান্ত ৩০-১২-২০১৮ তারিখ ভিত্তিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, কোন বিভাগেরই অর্থঋণ আদালতে মামলা দায়ের ও নিস্পত্তির হার সন্তোষজনক নয়। ডিসেম্বর /২০১৮ ইং তারিখ পর্যন্ত অর্থ ঋণ আদালতে দায়েরকৃত মামলার প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে বরিশাল,ফরিদপুর, কুমিল্লা এবং এলপিও এর অধীনে বর্ণিত সময়ের মধ্যে কোন মামলা দায়ের করা হয়নি যা কর্তৃপক্ষের গোচরীভূত হলে অসন্তোষ প্রকাশ করেন। ঋণ পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ঋণ আদায় না হলে সেক্ষেত্রে অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৪৬ ধারায় নির্ধারিত সময়সীমার মধ্যে মামলা দায়েরের বাধ্যবাধকতা রয়েছে বিধায় অর্থঋণ আদালত আইন-২০০৩ এর আওতায় দায়েরযোগ্য মামলা নির্ধারিত সময়সীমার মধ্যে দায়েরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্যও ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক মামলা দায়েরের পূর্বে বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের উদ্যোগ গ্রহণসহ অর্থঋণ আদালতে দায়েরকৃত মামলাসমূহ নিস্পত্তি পূর্বক মামলায় জড়িত বিপুল পরিমাণ শ্রেণীকৃত ঋণ আদায়ে লক্ষ্যে অর্থঋণ আদালতে বিচারাধীন মামলাসমূহ নিস্পত্তি/হ্রাসের লক্ষ্যে চলতি অর্থ বছরে বিভাগওয়ারী নিম্নরূপ লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের নির্দেশনা প্রদান করা হলোঃ-

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ০১-০৭-২০১৮ ভিত্তিক মামলার | | ডিসেম্বর/২০১৮ পর্যন্ত নিস্পত্তি/হ্রাসের লক্ষ্যমাত্রা | | ডিসেম্বর/২০১৮ পর্যন্ত নিস্পত্তি/হ্রাসের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন | | জুলাই/১৮ হতে ডিসেম্বর/১৮ পর্যন্ত অর্থঋণ আদালতে দায়েরকৃত মামলার | | ২০১৮-২০১৯ অর্থ বছরে নিস্পত্তির/হ্রাসের লক্ষ্যমাত্রা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ |
| ০১ | ঢাকা | ৩৭৫ | ৮৪৯.৯৮ | ২৮ | ৬৩.৭৫ | ১১৯ | ১.৩৮ | ৩৮ | ৪৫.৭৩ | ৫৬ | ১২৭.৫০ |
| ০২ | চট্টগ্রাম | ১২১ | ৫৪৮.১৮ | ০৯ | ৪১.১০ | ০১ | ১.৪৬ | ২২ | ৫.২৯ | ১৮ | ৮২.২০ |
| ০৩ | খুলনা | ৩০৫ | ৯৫.৬৫ | ২৩ | ৭.১৮ | ২২ | ২.২৯ | ০৮ | ১৩.০২ | ৪৬ | ১৪.৩৫ |
| ০৪ | কুষ্টিয়া | ৭০ | ১০.১১ | ০৫ | .৭৬ | ০১ | ০.২৩ | ০৮ | ১.৭০ | ১১ | ১.৫২ |
| ০৫ | বরিশাল | ৩০৭ | ৩.০৮ | ২৩ | .২৩ | ০৩ | ০.০৫ | ০ | ০ | ৪৬ | .৪৭ |
| ০৬ | সিলেট | ৩৩ | ৬.৬৭ | ০২ | .৫০ | -- | ০.৯৯ | ০৫ | ৭.৯২ | ০৫ | ১.০০ |
| ০৭ | ফরিদপুর | ২৫ | ১.৯৭ | ০২ | .১৪ | -- | ০.০২ | ০ | ০ | ০৪ | .৩০ |
| ০৮ | কুমিল্লা | ৮৭ | ২৩.২৮ | ০৭ | ১.৭৫ | -- | ০.০১ | ০ | ০ | ১৩ | ৩.৪৯ |
| ০৯ | ময়মনসিংহ | ৭৫ | ১৩.০১ | ০৬ | .৯৭ | -- | ০.৩৩ | ০৭ | ০.৫৯ | ১১ | ১.৯৫ |
| ১০ | এলপিও | ৩৮ | ৯০.৫৭ | ০৩ | ৬.৭৯ | ০২ | ২.৯৬ | ০ | ০ | ০৬ | ১৩.৫৯ |
| মোট ঃ | | ১৪৩৬ | ১৬৪২.৫০ | ১০৮ | ১২৩.১৭ | ১৪৮ | ৮.৩৪ | ৮৮ | ৭৪.২৫ | ২১৬ | ২৪৬.৩৭ |

চলমান পাতা-

০৩। এমতাবস্থায়, অর্থঋণ আদালতে দায়েরযোগ্য মামলাসমূহ যথাসময়ে দায়ের, অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২ ধারা মোতাবেক জামানতি সম্পত্তি বিক্রয়/সমন্বয়ের উদ্যোগ গ্রহণ এবং দায়েরকৃত মামলাসমূহ নিবিড় তদারকি ও লক্ষ্যমাত্রা অনুযায়ী দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ
(অতিরিক্ত দায়িত্বে)

নং প্রকা/আইন-৭৯৫(অংশ-৫)/২০১৮-১৯/ তারিখ ঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা,ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। মূল পত্রটি কৃষি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/ মহানথি।

(মোহাঃ গোলাম মাহবুব)
সহকারী মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে)